

সরকারি সিদ্ধান্তে বদলে গেল ছুটির তালিকা, কোনটি কবে খুলবে? দেখুন পুরো তালিকা

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ২০:৫৮, ১৮ ফেব্রুয়ারি ২০২৬; আপডেট:

২০:৫৯, ১৮ ফেব্রুয়ারি ২০২৬



//

শিক্ষক ও শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে রমজান মাসে স্কুল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। বুধবার (১৮ ফেব্রুয়ারি) ছুটির তালিকা সংশোধন করে তা প্রকাশ করা হয়।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, আগামীকাল বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) থেকে নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে ছুটি শুরু হবে। এই ছুটি চলবে আগামী ২৬ মার্চ পর্যন্ত। ২৬ মার্চ বৃহস্পতিবার হওয়ায় শিক্ষক-কর্মচারীরা ২৮ মার্চ পর্যন্ত ছুটি ভোগ করতে পারবেন।

এর আগে বুধবার বিকেলে শিক্ষা মন্ত্রণালয়ের শীর্ষ এক কর্মকর্তা দ্য ডেইলি ক্যাম্পাসকে জানিয়েছিলেন, ‘নতুন সরকার দায়িত্ব নিয়েছে। সরকার চাইলে রমজানে স্কুল বন্ধ রাখার সিদ্ধান্ত নিতে পারে।’

গত রবিবার একটি রিট আবেদনের শুনানি শেষে পুরো রমজান মাস স্কুল বন্ধ রাখার নির্দেশ দেন হাইকোর্ট। তবে সেই আদেশের বিরুদ্ধে আপিল করা হলে আপিল বিভাগ আগের নির্দেশে স্থগিতাদেশ দেয়। ফলে ছুটি নিয়ে কিছুটা অনিশ্চয়তা তৈরি হয়েছিল।

এদিকে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন, গণভোট ও শিবরাত্রি বৃত উপলক্ষে প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ টানা পাঁচ দিন বন্ধ ছিল। গত সোমবার থেকে এসব প্রতিষ্ঠানে পুনরায় ক্লাস শুরু হয়।

অন্যদিকে, নির্বাচনের ছুটির ধারাবাহিকতায় মাদ্রাসাগুলোতে শিক্ষক-শিক্ষার্থীদের ঈদের ছুটি ইতোমধ্যে শুরু হয়েছে। মাদ্রাসার বর্ষপঞ্জি অনুযায়ী, এই ছুটি চলবে আগামী ২৮ মার্চ পর্যন্ত।

এছাড়া কলেজের বর্ষপঞ্জি অনুযায়ী, বুধবার থেকে কলেজগুলোতে ঈদের ছুটি শুরু হয়েছে। আগামী ২৯ মার্চ থেকে কলেজে ক্লাস পুনরায় শুরু হবে।